



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৪ নভেম্বর ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

একই দিন সংসদ নির্বাচন ও গণভোট সংস্কার কর্মসূচিকে অনিশ্চয়তার দিকে ঠেলে দিয়েছে: ইউপিডিএফ

দেশবাসীর উদ্দেশ্যে সংস্কার, গণভোট ও নির্বাচন বিষয়ে দেয়া প্রধান উপদেষ্টার ভাষণের ওপর প্রতিক্রিয়া জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ ১৪ নভেম্বর ২০২৫ শুক্রবার ইউপিডিএফের সহসভাপতি নূতন কুমার চাকমা এক বিবৃতিতে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের উক্ত ভাষণের প্রতিক্রিয়ায় বলেন, ‘আগামী বছর ফেব্রুয়ারির মধ্য ভাগে নির্বাচন অনুষ্ঠানের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে তিনি ধন্যবাদার্থ হয়েছেন। তবে তার ভাষণে নির্বাচনের সুনির্দিষ্ট তফসিল ঘোষণার আগে পার্বত্য চট্টগ্রামসহ সারা দেশে নির্বাচনের জন্য উপযোগী সুষ্ঠু, শান্তিপূর্ণ ও গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টির অঙ্গীকার না থাকা হতাশাজনক।’

তিনি বলেন, ‘ইউপিডিএফসহ অন্যান্য রাজনৈতিক দলগুলোর ওপর দমনপীড়ন জারী রেখে এবং তাদেরকে প্রচারণাসহ গণতান্ত্রিক অধিকার প্রয়োগের ক্ষেত্রে সমান সুযোগ না দিয়ে যদি কোন নির্বাচন অনুষ্ঠিত হয়, তবে তা হবে নির্বাচনের নামে তামাশা মাত্র।’

পার্বত্য চট্টগ্রামে অঘোষিত সেনাশাসনের অধীনে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয় মন্তব্য করে ইউপিডিএফ নেতা বলেন, ‘বর্তমানে পাহাড়ে সন্ত্রাস বিরোধী অপারেশনের নামে ইউপিডিএফের নেতাকর্মী ও সাধারণ জনগণকে অত্যাচার, হয়রানি ও নির্বিচারে গ্রেপ্তার করা হচ্ছে, যা পরিস্থিতিকে আরও বেশি অশান্ত ও অস্থিতিশীল করে তুলছে।’

তিনি অবিলম্বে তথাকথিত অপারেশন বন্ধ এবং অঘোষিত সেনাশাসন ও নিয়ন্ত্রণ তুলে নেয়ার দাবি জানান।

সংস্কার ও গণভোট প্রসঙ্গে নূতন কুমার চাকমা বলেন, ‘সংসদ নির্বাচনের একই দিনে সংস্কার বিষয়ে গণভোট অনুষ্ঠানের ঘোষণা দিয়ে রাষ্ট্রের গণতান্ত্রিক সংস্কারকে চরম অনিশ্চয়তার দিকে ঠেলে দেয়া হয়েছে। পতিত ফ্যাসিস্ট শক্তি এই গণভোটকে ব্যবহার করে সংস্কার কর্মসূচি বানচালের ষড়যন্ত্র করতে পারে।’

জুলাই জাতীয় সনদ - যে সনদে পার্বত্য চট্টগ্রামের জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন নেই - কতিপয় রাজনৈতিক দলের মামুলি নির্বাচনী প্রতিশ্রুতি ভিন্ন কিছু নয় মন্তব্য করে তিনি বলেন, ‘চরম দক্ষিণপন্থী রাজনৈতিক দলগুলোকে দিয়ে রাষ্ট্রের উদারনৈতিক গণতান্ত্রিক সংস্কার আশা করা বাতুলতা ছাড়া কিছুই নয়।’

যে রাজনৈতিক দলের অভ্যন্তরেই গণতন্ত্রের চর্চা নেই, যে দলে সিদ্ধান্ত গ্রহণের সকল ক্ষমতা এক ব্যক্তির ওপর ন্যস্ত, সেই দলের পক্ষে রাষ্ট্রের গণতান্ত্রিক সংস্কার সাধন আদৌ সম্ভব নয় বলে ইউপিডিএফ নেতা দৃঢ় অভিমত ব্যক্ত করেন।

তিনি নির্বাচনের পূর্বেই পার্বত্য চট্টগ্রামে গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টিসহ সকল সংস্কার কর্মসূচি বাস্তবায়নের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।